দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV 08 2002

# ঢা.বিতে নতুন ৬টি বিভাগ ও ১টি ইনস্টিটিউট খোলা হচ্ছে

ইশতিয়াক হুসাইন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৬টি নতুন বিভাগ ও একটি ইনস্টিটিউট খোলা হচ্ছে। এ বছরই বিভাগগুলো খোলা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

ফার্মেসি অনুষদে ৩টি বিভাগ খোলা হচ্ছে। বিভাগগুলো হচ্ছে— ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি, ক্লিনিক্যাল ফার্মেসি ও ফার্মাকোলজি, ফার্মাসিউটিকস ও ফার্মাসিউটিক্যাল টেকনোলজি। জানা গেছে, নতুন এই বিভাগ ৩টি খোলা হলে ফার্মেসি নামে আলাদা কোন বিভাগ থাকবে না। তখন ফার্মেসি বিভাগের শিক্ষার্থীদের নতুন বিভাগগুলোতে অন্তর্ভুক্ত করা হবে। তবে এ বিষয়টি এখনও চূড়ান্ত হয়নি। ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক চৌধুরী

ঢা.বি ঃ পৃঃ ১১ কঃ ১

## ঢা.বি ঃ বিভাগ

(১ম পৃষ্ঠার পর)

মাহমুদ হাসান 'সংবাদ'কে বলেন, চাকরির বাজারে চাহিদা আছে বলেই বিভাগ ৩টি খোলা হচ্ছে। তিনি বলেন, শুধু ফার্মেসি নামে বিশ্বের কোথাও কোন বিভাগ নেই। তাই আমরাও চিন্তা করছি বিভাগটি না রাখার।

ফার্মেসি অনুষদ ছাড়াও বাণিজ্য অনুষদে ২টি নতুন বিভাগ খোলার প্রস্তাব করা হয়েছে। বিভাগ ২টি হচ্ছে ব্যাংকিং ও ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম। এছাড়া জীববিজ্ঞান অনুষদের আওতায় সমুদ্র বিজ্ঞান ও বেঙ্গল আর্ট নামে একটি ইনস্টিটিউট খোলার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে।

নতুন বিভাগগুলোর অর্থের যোগান কোথা থেকে হবে— এ সম্পর্কে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান 'সংবাদ'কে বলেন, প্রায় ৩ বছর আগে খোলা ৫টি বিভাগের খরচ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ফান্ড থেকে দেয়া হচ্ছে। এখন পর্যন্ত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে অনুদান পায়নি। এরপর নতুন করে আবার কয়েকটি বিভাগ খোলা হলে এর খরচ যোগাতে বিশ্ববিদ্যালয়কে হিমশিম খেতে হবে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ বলেন, বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে যুগোপযোগী এসব বিষয় খোলা হবে। তিনি বলেন, অ্যাকাডেমিক কাউন্সিলের সভায় পাসের পর সিন্ডিকেটে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।